



কোস্ট ট্রাস্ট/প্রধান কার্যালয়/১৯-মে, ২০১৯ ইং

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী  
হতে : নির্বাহী পরিচালক, কোস্ট ট্রাস্ট  
বিষয় : মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত ঘোষণা।

প্রিয় সহকর্মী,

১. মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন একটি অবৈধ লেনদেন ব্যবস্থা এবং দেশের আইন অনুযায়ী একটি গুরু দণ্ডনীয় অপরাধ। এধরনের কর্মকান্ড দেশের অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলছে এবং এর জন্য সরকার মানিলভারিং প্রতিরোধ আইন-২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন-২০০৯ প্রনয়ন করেছে। মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ এবং এর ঝুঁকি হতে মুক্ত রাখার জন্য এবং মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ (বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্ট উইনিট) কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনার্থে সংস্থা (কোস্ট ট্রাস্ট) নিম্নোক্ত পদক্ষেপ গ্রহন করেছে,
  - ক. প্রধান কার্যালয়ের একজন উর্দ্ধতন কর্মকর্তা “প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা” বা Chief Anti Money Laundering Compliance Officer (CAMLCO) হিসেবে দায়িত্ব পালন করবে, যার পদবী উপ পরিচালক - অর্থ নিয়ন্ত্রন ও কর্পোরেট কার্যক্রম। তিনি সংস্থার পক্ষে বিএফআইইউ সহ সরকারের অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষার জন্য Contact Point হিসেবে কাজ করবে, পাশাপাশি বিএফআইইউ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাবলী সংস্থার Central Compliance Unit- CCU এবং সংশ্লিষ্ট Branch Anti Money Laundering Compliance Officer (BAMLCO) কে অবহিত করবেন।
  - খ. প্রধান কার্যালয়ের উর্দ্ধতন কর্মকর্তাদের সমন্বয়ে চার সদস্য বিশিষ্ট একটি “কেন্দ্রীয় পরিপালন ইউনিট” (Central Compliance Unit - CCU) গঠন করা হয়েছে। মাঠ পর্যায়ে ক্ষুদ্রাঞ্চল কার্যক্রম, ডোনার প্রকল্পসমূহের কার্যক্রম এবং সংস্থার নিজস্ব তহবিল থেকে কোন কার্যক্রম পরিচালনার সময় মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত কোন অবৈধ কার্যক্রম সংগঠিত হয় কিনা তা Branch Anti Money Laundering Compliance Officer (BAMLCO) এর মাধ্যমে মনিটরিং করা এবং পরবর্তিতে কোন অবৈধ কার্যক্রম সংগঠিত হলে তা Chief Anti Money Laundering Compliance Officer (CAMLCO) কে অনতিবিলম্বে অবহিত করবে।
  - গ. সংস্থার ক্ষুদ্রাঞ্চল কার্যক্রমের সকল শাখা অফিস এবং সকল ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্রের অফিস সমূহে Branch Anti Money Laundering Compliance Officer (BAMLCO) গঠন করা হয়েছে। BAMLCO গন তাদের স্ব স্ব কার্যক্রমের সকল কর্মীদের নিয়ে মাসিক সভায় বাধ্যতামূলক ভাবে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন বিষয়ে এজেন্ডা আকারে আলোচনা করবে এবং কার্যক্রম পরিচালনার সময় এ সংক্রান্ত কোন কোন অবৈধ কার্যক্রম সংগঠিত হলে তা Chief Anti Money Laundering Compliance Officer (CAMLCO) কে অনতিবিলম্বে অবহিত করবে।
৩. পরবর্তিতে যদি দেখা যায় কোন কর্মী উল্লেখিত অবৈধ কর্মকান্ড দেখার পর বা জানার পরও তা সংশ্লিষ্টদের অবহিত করেনি তবে ঐ ব্যক্তিও এর জন্য দায়বদ্ধ থাকবে এবং উক্ত ব্যক্তির বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।
৪. আমরা (কোস্ট ট্রাস্ট) মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধকে একটি নৈতিক দায়িত্ব হিসেবে মনে করি। শুধুমাত্র আইনগত বাধ্যবাধকতা নয়, দেশাত্মবোধ থেকেই মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়নের বিরুদ্ধে আমাদের সোচ্চার হতে হবে এবং আমাদের একে অপরকে সহযোগীতা করতে হবে।

এ ব্যাপারে আপনারদের অব্যাহত সহযোগীতা কামনা করছি।

রেজাউল করিম চৌধুরী